

## সরকারী মাধ্যমিক স্কুলে পাঁচ বছরের বেশি কর্মরত শিক্ষকদের বদলি করা হচ্ছে

মোশতাক আহমেদ । সরকারী মাধ্যমিক স্কুলে পাঁচ বছরের অধিক সময় ধরে কর্মরত শিক্ষকদের বদলি করা হচ্ছে। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় চিঠি দিয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দিয়েছে। শিক্ষা অধিদপ্তরের এক পদস্থ কর্মকর্তা এই নির্দেশনার কথা স্বীকার করে জনকণ্ঠকে বলেছেন, তারা এখন সরকারী মাধ্যমিক স্কুলে পাঁচ বছরের বেশি সময় ধরে কর্মরত শিক্ষকদের তালিকা তৈরি এবং তাদের এক ভুল থেকে অন্য ভুলে বদলি করার ব্যবস্থা নেবে। এসময়ত কয়েকদিন আগে রাজধানীর চশিশটি সরকারী স্কুলের প্রধান শিক্ষকদের এক ভুল থেকে অন্যত্র বদলি করা হয়েছে। এর কয়েকদিনের মাঝায় বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় নতুন পরিপত্র জারি করে পাঁচ বছরের বেশি সময় ধরে কর্মরত শিক্ষকদের বদলি করার নির্দেশ দিল। বর্তমানে সারাদেশে ৩১৭টি সরকারী মাধ্যমিক স্কুল রয়েছে। যেখানে শিক্ষক সংখ্যা প্রায় আট হাজারের মতো। এই শিক্ষকদের বেশির ভাগই টিউশনী কিংবা কোচিংয়ের সঙ্গে জড়িত। এজন্য তারা নানা তর্ক করে একটি স্কুলে বছরের পর বছর চাকরি করে আসছেন। এতে করে স্কুলের ক্লাসের শিক্ষায় মারাত্মক ক্ষতি হচ্ছে। এমনও অভিযোগ আছে কেন শিক্ষক শিক্ষার্থীদের স্নায়ুকমেইলিং করে পরীক্ষায় বেশি নম্বর দেয়ার কথা বলে নিচ্ছেনের। কাছে আইডেট পড়তে বাধ্য করেন। কয়েকদিন আগে এক অভিভাবক জনকণ্ঠের কাছে অভিযোগ করে বলেন, রাজধানীর একটি স্কুলে তাঁর সন্তান পড়ে। গণিতের একজন শিক্ষকের কথামতো তাঁর কাছে আইডেট না পড়ায় অর্ধবার্ষিক পরীক্ষায় তাঁর সন্তানকে গণিতে ফেল করিয়ে দেয়া হয়। এতে করে কোমলমতি শিশুটি মানসিকভাবে ভেঙে পড়ে। এ রকম অভিযোগ অসংখ্য। এসব কারণে অভিভাবকরা অনেকটা বাধ্য হয়েই তাদের সন্তানকে এ জাতীয় শিক্ষকদের কাছে

আইডেট পড়তে বাধ্য হন। একইভাবে যেসব শিক্ষক বিভিন্ন কোচিংয়ের সঙ্গে জড়িত তারা সেই কোচিংয়ে শিক্ষার্থীকে পড়তে বাধ্য করে। আর একজন শিক্ষক অতিমাত্রায় আইডেট-কোচিংয়ের সঙ্গে জড়িয়ে পড়লে স্বাস্থ্যবিধিভাবেই ক্লাসের পড়াশোনায় ক্ষতি হয় এবং হচ্ছেও তাই। এজন্য শিক্ষকরা নানা তর্ক করে একটি প্রতিষ্ঠানে বছরের পর বছর থেকে যাচ্ছেন। অথচ ক্লাসে ঠিকমতো পড়াশোনা হলে আইডেট কিংবা কোচিংয়ের কোন প্রয়োজন নেই। এসবের বাইরে দীর্ঘদিন ধরে একই প্রতিষ্ঠানে থাকার কারণে অনেক শিক্ষক নানা অসুস্থতায় জড়িয়ে পড়েন। যার নেতিবাচক প্রভাব পড়ে ক্লাসে। সবকমর চাচ্ছে আইডেট-টিউশনী ও কোচিং বন্ধ করতে। ক্লাসে পড়েই যাতে শিক্ষার্থীরা ভাল করতে পারে সে ধরনের নানা ব্যবস্থা নেয়া হচ্ছে। কিন্তু তাত্ক্ষণিকভাবে আইডেট কিংবা কোচিং বন্ধও করা যাচ্ছে না। তাই সরকার নানা কৌশলে এগুচ্ছে। ভাল ভাল স্কুলের শিক্ষকদের অপেক্ষাকৃত খারাপ প্রতিষ্ঠানে বদলি করলে শিক্ষার মান বাড়বে এমন চিন্তাও সরকার করছে। এসব কারণে বর্তমান তত্ত্বাবধায়ক সরকার সরকারী মাধ্যমিক স্কুলে পাঁচ বছরের বেশি সময় ধরে কর্মরত শিক্ষকদের এক ভুল থেকে অন্য ভুলে বদলি করার সিদ্ধান্ত নিয়েছে। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের একজন উপসচিব যাকরিত এক চিঠিতে এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য মাধ্যমিক ও শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দেয়া হয়েছে। শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর দেয়া চিঠিতে বলা হয়, সরকারী মাধ্যমিক যেসব শিক্ষক পাঁচ বছর কিংবা তদুপরে বেশি সময় ধরে কর্মরত আছেন তাদের অন্যত্র বদলি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিন। সূত্রটি বলেছে, শিক্ষা অধিদপ্তরের নয়া মহাপরিচালক প্রফেসর কেএম আওরহানের মামা দায়িত্ব নিয়েছেন। কয়েকদিনের মধ্যে এ বিষয়ে ব্যবস্থা নেয়া হবে।